গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**নৌপরিবহন অধিদপ্তর**
১৪১-১৪৩, মতিঝিল বা/এ (৮ম তলা), ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫১৩৩০৫, ই-মেইলঃ info@dos.gov.bd
ওয়েব সাইটঃ www.dos.gov.bd

নং-১৮.১৭.০০০০.০০৮.১২.০০১.১৮/৪৪৮ তারিখঃ ২৫.০১.২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

**অন লাইনের মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২৮-০১-২০২১ খ্রিঃ এবং আবেদনের শেষ তারিখ ২৮-০২-২০২১ খ্রিঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ নৌপরিবহন অধিদপ্তরের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অন লাইন ফরম পূরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নঃ | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ, এবং ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ৩০ শব্দ এবং ইংরেজীতে ২৫ শব্দ। | মুন্সীগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, শেরপুর, বাগেরহাট, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষীপুর, খাগড়াছড়ি, নাটোর, পঞ্চগড়। |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দ গতি। | |
| ৩। | ডাটা কন্ট্রোল অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৬ টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৪। | ডাটা এন্ট্রি অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৫। | অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ০২ টি | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, মাগুরা, খুলনা, বাগেরহাট, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কক্সবাজার, সিরাজগঞ্জ, পাবনা, জয়পুরহাট, নওগাঁ, দিনাজপুর, রংপুর এবং বরিশাল বিভাগের সকল জেলা। |

## প্রয়োজনীয় শর্তাবলীঃ

১। চাকুরীর জন্য আবেদন ফরম প্রার্থী কর্তৃক নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dos.gov.bd) প্রদত্ত 'আভ্যন্তরীণ ই-সেবাসমূহ' এর নিচে "নিয়োগ বিজ্ঞপ্তি" লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণ পূর্বক দাখিল করতে হবে। **অন লাইনের মাধ্যমে আবেদন শুরুর তারিখ ২৮-০১-২০২১ খ্রিঃ এবং আবেদনের শেষ তারিখ ২৮-০২-২০২১ খ্রিঃ।**

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৮-০১-২০২১ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উক্ত তারিখ অনুসারে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত)। বয়স গননার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

৪। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৫। আবেদনের সাথে প্রার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি (৩০০ x ৩০০ পিক্সেল, ১০০ কিলো বাইট এর মধ্যে) ও প্রার্থীর স্বাক্ষর (৩০০ x ৮০ পিক্সেল, ৬০ কিলো বাইট এর মধ্যে) যুক্ত করতে হবে এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক, বীর মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র-কন্যা (প্রযোজ্যক্ষেত্রে) সনদপত্র স্ক্যান করে সংযুক্ত করতে হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত আবেদন পত্র, প্রবেশ পত্র (রঙ্গিন প্রিন্ট), আবেদনে দাখিলকৃত সকল সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি প্রদর্শনসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।

৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৯। অনলাইনের নির্দেশ মোতাবেক শর্তাবলী অসম্পূর্ণ বা অপূর্ণ থাকলে আবেদনপত্র অনলাইনে গৃহীত হবে না।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। কোটা সম্পর্কিত সরকারী প্রচলিত নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীর বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর আবেদন পত্রে যথাযথ ভাবে পূরণ করতে হবে। পরবর্তী সকল যোগাযোগ (নির্বাচন পরীক্ষার তথ্যাবলী) মোবাইলে ক্ষুদে বার্তার (এসএমএস) মাধ্যমে প্রার্থীকে জানানো হবে। তাই আবেদন পত্রে দেয়া উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা বাঞ্ছনীয়।

১৩। অনলাইনে আবেদন পত্র যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদন পত্র নিশ্চিত করে আবেদন সম্পন্ন করার পর আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সম্বলিত আবেদনের কপি ডাউনলোড করে সংরক্ষণ করা যাবে এবং উপরে দেয়া 'ফি প্রদান' মেন্যু থেকে প্রয়োজনীয় সকল তথ্য দিয়ে অনলাইন পেমেন্ট পদ্ধতি (নগদ, বিকাশ, রকেট, অন্যান্য ব্যাংক পেমেন্ট) এর মাধ্যমে ফি জমা দিতে হবে। এছাড়াও আবেদনকারী চাইলে আবেদন করার পরেও নির্দিষ্ট সময়ের মধ্যে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dos.gov.bd) প্রদত্ত 'আভ্যন্তরীণ ই-সেবাসমূহ' এর নিচে 'নিয়োগ বিজ্ঞপ্তি' লিংকে দেয়া অনলাইন সফটওয়্যারের 'ফি প্রদান' মেন্যুতে গিয়ে প্রয়োজনীয় সকল তথ্য দিয়ে ফি জমা দিতে পারবে। ১-৪ নং আবেদনকারীদের ১০০/- (একশত) টাকা এর সাথে সার্ভিস চার্জ বাবদ ফি এর ১০% হারে ১১০/- টাকা এবং অফিস সহায়ক পদের আবেদনকারীকে ৫০/- (পঞ্চাশ) টাকা এর সাথে সার্ভিস চার্জ বাবদ ফি এর ১০% হারে ৫৫/- টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেওয়া যাবে। উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আবেদন সম্পন্ন করলেও ফি জমা না দেয়া পর্যন্ত আবেদন গৃহীত হবে না।

১৪। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ক্ষুদে বার্তায় (এসএমএস) জানিয়ে দেয়া হবে। ক্ষুদে বার্তায় (এসএমএস) প্রদত্ত লিংক থেকে অথবা নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dos.gov.bd) প্রদত্ত 'আভ্যন্তরীণ ই-সেবাসমূহ' এর নিচে 'নিয়োগ বিজ্ঞপ্তি' লিংকে দেয়া অনলাইন সফটওয়্যারের 'প্রবেশপত্র' মেন্যুতে গিয়ে প্রয়োজনীয় সকল তথ্য দিয়ে প্রবেশপত্র ডাউনলোড/প্রিন্ট করে নিতে হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

১৬। অনলাইন আবেদনকালে কোন সমস্যা হলে 01810001181 নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

**কমডোর এ জেড এম জালাল উদ্দিন**
(সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক